

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-০৩ শাখা
www.hsd.gov.bd

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১২২.২৭.০৩৫.২৬- ২৬০

১৫ আশ্বিন ১৪৩৩
তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, ডা. চন্দনা রানী কর্মকার (১৩০০৯৮), ইমার্জেন্সি মেডিকেল অফিসার এর বিরুদ্ধে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে ঊদ্ধত্যপূর্ণ আচরণ, বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ, বিলম্বে অফিসে আগমন এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল প্রস্থান, ১০.০৭.২০২৩ খ্রি. তারিখ আল-শাফি ক্লিনিকে সিজার করার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে ০১.০৪.২০২৬ খ্রি. তারিখে ৩৭৭ নম্বর স্মারকে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং লিখিত বক্তব্যে তিনি ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে ০৪.০৮.২০২৬ খ্রি. তারিখে তার শুনানি গ্রহণ করা হয়;


যেহেতু, গত ১৮.০৮.২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত শুনানিতে তাঁর বক্তব্য সন্তোষজনক মর্মে প্রতীয়মান;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তার জবাব ও কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, তিনি ইনডোর মেডিকেল অফিসার হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চারঘাট, রাজশাহী-তে কর্মরত থাকা অবস্থায় নিষ্ঠা ও সততার সাথে দায়িত্ব পালন করেছেন। তিনি চাকুরী জীবনে কখনো নিয়ম-শৃঙ্খলা বহির্ভূত কোনো কাজ করেননি। তাঁর উপর অর্পিত দায়িত্বের ব্যাপারে সর্বদা নিষ্ঠাবান। তিনি গত ১০.০৭.২৩ হতে ২৪.০৭.২০২৩ খ্রি. পর্যন্ত অর্জিত ছুটিতে ছিলেন। তিনি earn leave এ থাকা অবস্থায় বাচ্চা ও মায়ের কথা ভেবে আল-শাফি ক্লিনিকে সিজার করতে যান। এমতাবস্থায় আনীত অভিযোগসমূহ উদ্দেশ্য প্রণোদিত, হয়ে প্রতিপন্ন করার জন্য দাখিল করা হয়েছে মর্মে প্রতীয়মান;

সেহেতু, ডা. চন্দনা রানী কর্মকার (১৩০০৯৮)-কে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। চলমান এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(ড. আ. ন. ম. বজলুর রশীদ)
সচিব

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৪.২৬-২৬৫/২ (৯)

২৫ আশ্বিন ১৪৩৩
তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। যুগ্মসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৬। সিভিল সার্জন, রাজশাহী
- ৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। ডা. চন্দনা রানী কর্মকার (১৩০০৯৮), ইমার্জেন্সী মেডিকেল অফিসার (বর্তমানে সহকারী অধ্যাপক, ইনসিটু, গাইনী এন্ড অবস), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চারঘাট, রাজশাহী।


সাদিয়া আবারিন ৩০/০৭/২৬
সিনিয়র সহকারী সচিব